ঢাকা ওয়াসা

১। ২০২৫-২৬ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি
২। সারুলিয়া পাম্পিং ষ্টেশনের লোকেশন ম্যাপ।
৩। বাউন্ডারী ওয়ালের ছবি।
৪। আলোচ্য কাজের ক্যালকুলেশন এর কপি।
৫। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

বিষয়: Repair, Maintenance & Painting Work of Security Wall Sarulia Intake Pumping Station Compound.

০১। ক্রমিক নং ১ হতে ৫ নং পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৮০ কিলোমিটার ডি এন ডি খাল রয়েছে। ডি এন ডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে সারুলিয়া পাম্পিং ষ্টেশনের সাহায্যে "র" ওয়াটার ডি এন ডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হচ্ছে। সারুলিয়া পাম্পিং ষ্টেশন সরকারের একটি গুরুত্বপূর্ন **Key Points installations(KPI)** স্থাপনা। এখানে,সারুলিয়া পাম্পিং ষ্টেশনটি শীতলক্ষ্যা নদীর পাড়ে অবস্থিত ফলে প্রতিনিয়ত ঢাকা ওয়াসার উচ্চপদস্থ কর্মকর্তারা উক্ত পাম্পিং ষ্টেশন ভিজিট করে থাকেন। এছাড়াও বিভিন্ন মেডিকেল কলেজ,বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিদেশী অতিথি, সরকারী কর্মকর্তা-কর্মচারীসহ বিভিন্ন ধরনের অতিথি সারুলিয়া পাম্পিং ষ্টেশন ভিজিট করে থাকেন। সারুলিয়া পাম্পিং স্টেশনের অপারেশন ভবন, অফিস ভবন, আনসার ক্যাম্প ভবন এবং দুইটি নিরাপত্তা রুম রয়েছে। সারুলিয়া পাম্পিং ষ্টেশন সরকারের একটি গুরুত্বপূর্ন **Key Points installations(KPI)** স্থাপনা হওয়ার কারনে নিরাপত্তার জন্য পাম্পিং স্টেশনের চারদিকে বাউন্ডারী ওয়াল দ্বারা বেষ্টিত আছে। কিন্তু বাউন্ডারী ওয়াল দীর্ঘদিন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ না করার ফলে বাউন্ডারী ওয়ারের প্লাষ্টার ধসে পড়াসহ বাউন্ডারী ওয়ারের গ্রীলও মেরামত করা প্রয়োজন।

০২। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে PWD-2022 এর রেট সিডিউলের ভিত্তিতে একটি প্রাক্কলন উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৯,৯৬,৭২৮.৬৫০(নয় লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত আঠাশ দশমিক ছয় পাঁচ শূন্য) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক (ও এন্ড এম), ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যায়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ২০২৫-২৬ইং অর্থবছরের রাজস্ব বাজেটের Boundary Wall Maintenance (কোড নং-০১-০৪-০০৫) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৫-২৬ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র (LTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৫০ এবং প্যাকেজ নং-W-96 তে অন্তর্ভূক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STDPW-2b অনুসরন করে দরপত্র দলিল প্রনয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষনাবেক্ষন) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রনয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে,“Repair,Maintenance & Painting Work of Security Wall Sarulia Intake Pumping Station Compound.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমুহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতি LTM এ দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৯,৯৬,৭২৮.৬৫০ (নয় লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত আঠাশ দশমিক ছয় পাঁচ শূন্য) টাকা মাত্র এর অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয় রাজস্ব বাজেটের Boundary Wall Maintenance (কোড নং-০১-০৪-০০৫) খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য যে, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক (ও এন্ড এম) মহোদয়ের আওতাধীন।

AE

31/8/25

সুব্রত কুমার দে
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

৩১/৮/২৫

মোঃ মশিউর রহমান ভূঁঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

EE

31-08-25

রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

SE(WSTPC)

৩১/০৮/২৫

C/E

০২/০৯
২০২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

DMD(O&M)

CE

5/9/2025

(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।